

উপস্থিত সদস্য গনের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ১১/০৩/২০২১ খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সকলকে উন্মুক্ত আলোচনার আহবান জানান। মেয়র, মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, পবিত্র ঈদ-উল-আযহা আগামী ২১ জুলাই-২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হবে ইনশাআল্লাহ। কোরবানীর পশু বর্জ্য পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। সে আলোকে মেহেরপুর পৌরসভার ০৯টি ওয়ার্ডে কোরবানীর পশু জবেহ করার জন্য ২৪টি নির্দিষ্ট স্থান নির্ধারণ করা হয়েছে। করোনা ভাইরাসের কারণে জবেহকৃত কুরবানির রক্ত অতি দ্রুত সময়ের মধ্যে অপসারণ সহ প্রতিটি কোরবানী পশু যাতে নির্দিষ্ট স্থানে -জবেহ করে সে লক্ষ জেলা প্রশাসক, মেহেরপুর এর কার্যালয় হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট সহ পৌরসভার স্যানিটারী ইন্সপেক্টরকে নিয়ে মোবাইল টিম গঠন করতঃ ঈদ-উল-আযহার দিন নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ করছেন কিনা তা সার্বক্ষণিক পর্যবেক্ষন করবেন। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনাতে এ বিষয়ে যদি আরও কোন পদক্ষেপ গ্রহন করতে হয় সে বিষয়ে মেয়র, মহোদয়কে সার্বিক দায়িত্ব পালন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, পৌরসভা এলাকায় প্রতি বছরের ন্যয় এ বছরও ২৪টি কোরবানীর পশু জবেহ করনের স্থান নির্ধারণ করা হয়েছে, সে স্থানগুলো পৌর সাউন্ড সিষ্টেমের মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারনা করার বিষয়ে মতামত ব্যক্ত করলে সভায় উপস্থিত সকলে ১৫ জুলাই থেকে কোরবানীর দিন পর্যন্ত প্রত্যহ কমপক্ষে তিনবার প্রচার প্রচারনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অত্র পৌরসভার সহকারী কর আদায়কারী জনাব মোঃ সফিউদ্দিনকে সার্বিক দায়িত্ব অর্পন করা হলো।

সভাপতি সাহেব পৌর তথ্য ও সেবা কেন্দ্রে দায়িত্বরত কর্মচারীর নিকট কম্পিউটার প্রশিক্ষন সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে তিনি জানান যে, ১ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ যে ২৫জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছিল তাদের সকলকে ৩০ জুন-২০২১ইং তারিখ সার্টিফিকেট প্রদান করা হবে। এবং ১ জুলাই হতে কোভিড-১৯ এর কারণে সামাজিক দূরত্ব বজায় রাখার রেখে মাত্র ২৫জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়ে কম্পিউটার প্রশিক্ষন গ্রহন করবে।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২০.৬.২১

(সৈয়দ মনজুরুল কবির)

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

তথ্য সংস্কৃতি কমিটি

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

১। মেয়র, মেহেরপুর পৌরসভা।

২। জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

৩। জনাব মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

৪। জনাব মোঃ শাহিনুর রহমান, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট 'ক'

সভার তারিখঃ ২০/০৬/২০২১খ্রিঃ

সময়ঃ ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নামঃ	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	<del>স্বাক্ষর</del> ২০/৬/২১
০২	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা	<del>স্বাক্ষর</del> স্বাক্ষর
০৩	জনাব মোছাঃ আলপনা খাতুন	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর ২০/৬/২১
০৪	জনাব মোঃ শাহিনুর রহমান	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর ২০.৬.২১